44

দৈনিক সংবাদ

তারিখ 26 AUG 1996 পৃষ্ঠা ২ কলাম ৩

# ছাত্রদলের ডাকে শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট কোথাও গেট বন্ধ, কোথাও তালা

(নিজস্ব বার্তা পরিবেশক)

ছাত্রদল নেতা–কর্মীদের ওপর পুলিশের হামলা, নির্যাতন ও গ্রেফতারের প্রতিবাদে ছাত্রদলের আহ্বানে গতকাল ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ধর্মঘট পালিত হয়েছে। ধর্মঘট চলাকালে বরিশালে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে বঙ্গবন্ধুর ছবি নামিয়ে ফেলা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভুত বর্তমান পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ২৯শে আগষ্ট পর্যন্ত পরীক্ষা ও ক্লাস বন্ধ ঘোষণা করলেও ছাত্রদল তাদের নিজেদের কর্মসূচি অনুযায়ী অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট ডেকেছে। তাদের কর্মসূচি অনুযায়ী গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি, পরীক্ষা হয়নি, বিশ্ববিদ্যালয়ের সকল যানবাহনসহ সমস্ত প্রশাসনিক কার্যক্রমও বন্ধ ছিল।

আমাদের বুয়েট সংবাদদাতা জানানঃ ছাত্রদল বুয়েট শাখা সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের মেইন গেট তালাবদ্ধ রাখে এবং সেখানে অবস্থান করে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান ঃ ছাত্র ধর্মঘট পালনকালে ছাত্রদল কর্মীরা বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করার গেট বন্ধ করে দেয়।

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ ও ছাত্রদল মুখোমুখি এবং ক্যাম্পাসে উত্তেজনার কারণে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনসহ গুরুত্বপূর্ণ ভবনে তালা লাগিয়ে দেয়ায় ছাত্রদলের ডাকে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত হয়।

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক জানান ঃ ছাত্রদল কর্মীরা বরিশাল কলেজ, সরকারি জিলা স্কুল, সরকারি বালিকা বিদ্যালয়, চৈতন্য, উদয়ন, একে, সরস্বতি, অক্সফোর্ড মিশন হাইস্কুলসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হামলা চালিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবের ছবি নামিয়ে ভেঙে ফেলে। শিক্ষকরা ছাত্রদের বাধা দিলে তাদের সাথে দুর্ব্যবহার করা হয়। টাউন স্কুলে একইভাবে হামলা চালাতে গেলে স্থানীয় জনসাধারণের প্রতিরোধে হামলাকারীরা ফিরে আসে। বরিশাল কলেজে কয়েকটি বোমা বিস্ফোরিত হয়। বরিশাল কলেজ ছাত্র সংসদের সাবেক জিএস ও ছাত্রদল নেতা মনোয়ার হোসেন জিপু প্রতিপক্ষের আক্রমণে আহত হয়েছে।

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ চট্টগ্রামের দু'টি শিক্ষা প্রতিষ্ঠান ছাড়া কোথাও ধর্মঘট হয়নি। জানা গেছে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও পাহাড়তলী কলেজ ছাড়া চট্টগ্রাম সরকারি কলেজ, মহসীন কলেজ, কমার্স কলেজ, চট্টগ্রাম সরকারি সিটি বিশ্ববিদ্যালয়, ওমর গনি এম.ই.এস কলেজসহ নগরীর সব শিক্ষাপ্রতিষ্ঠানে যথারীতি ক্লাস চলে।

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ খুলনা মহানগরীর স্কুল–কলেজে ছাত্র ধর্মঘট পালিত হয়। তবে বিএল কলেজ, সুন্দরবন কলেজসহ কিছু কিছু স্কুল-কলেজে ক্লাস হয়েছে বলে জানা গেছে।

ময়মনসিংহ থেকে নিজস্ব সংবাদদাতার ফোন ঃ ময়মনসিংহে ছাত্রদলের ডাকে গতকাল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকে। ধর্মঘট চলাকালে ছাত্রদল একটি মিছিল নিয়ে শহর প্রদক্ষিণ করে।

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ পটুয়াখালী সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ ও বাউফল ডিগ্রি কলেজে ধর্মঘট পালিত হয়েছে।